# মডেল টেস্ট— ১৭

## বিষয় : বাংলা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]*

**নিচের কবিতাংশ পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

বর্গি এল খাজনা নিতে,
মারল মানুষ কত।
পুড়ল শহর পুড়ল শ্যামল
গ্রাম যে শত শত।
হানাদারের সঙ্গে জোরে
লড়ে মুক্তি-সেনা,
তাদের কথা দেশের মানুষ
কখনো ভুলবে না।
আবার দেখি নীল আকাশে
পায়রা মেলে পাখা,
মা হয়ে যায় দেশের মাটি
তার বুকেতেই থাকা।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) কবিতাংশটি কী বিষয় নিয়ে লেখা?
ক বর্গির অত্যাচার
খ হানাদারদের পরিচয়
গ মুক্তির সংগ্রাম
ঘ মুক্তির আকাঙ্ক্ষা

(ii) 'মুক্তিসেনা' শব্দটির সাথে নিচের কোনটির সম্পর্ক রয়েছে?
ক ভাষা আন্দোলন
খ মুক্তিযুদ্ধ
গ গণঅভ্যুত্থান
ঘ নির্বাচন

(iii) কারা এদেশের মানুষকে নির্বিচারে হত্যা করেছে?
ক ইংরেজরা
খ ওলন্দাজরা
গ তুর্কিরা
ঘ পাকিস্তানিরা

(iv) মুক্তিসেনারা কীভাবে অবদান রাখে?
ক দেশাত্মবোধক গান গেয়ে
খ সেনানিবাস গড়ে তুলে
গ দেশের জন্য যুদ্ধ করে
ঘ ফসল উৎপাদন বৃদ্ধি করে

(v) বহুপূর্বে বাংলায় বর্গিরা এসে কী করত?
ক হানা দিয়ে ধনসম্পদ লুট করত
খ মানুষকে সাহায্য করত
গ শিশুদের ধরে নিয়ে যেত
ঘ খাজনা দিয়ে যেত

http://teachingbd.com

২। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) হানাদার বাহিনী বলা হয় কাদের?

(খ) বর্গি কারা? তারা কী করেছিল?

(গ) মুক্তিসেনারা কী করেছেন? আমরা তাঁদের কেন ভুলব না?

৩। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫

(ক) বর্গি; (খ) হানাদার; (গ) খাজনা; (ঘ) মুক্তি-সেনা; (ঙ) পায়রা।

৪। প্রদত্ত কবিতাংশটুকুর মূলভাব লেখ : ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

ভারতীয় উপমহাদেশের সবচেয়ে বিশালায়তনের প্রত্নতাত্ত্বিক নিদর্শন হলো সোমপুর বা পাহাড়পুর বিহার। হিমালয় পর্বতের দক্ষিণে রাজশাহী বিভাগের নওগাঁয় অবস্থিত এই বিহার। বাংলাদেশের বৌদ্ধ ও হিন্দু সংস্কৃতির এক আকর্ষণীয় নিদর্শন এটি। প্রায় ১৪০০ বছর আগে এটি নির্মাণ করা হয়। ১৮৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম এই বিশাল কীর্তি আবিষ্কার করেন। মাটির নিচের অংশে এটি চারকোণা আকারের। বাইরের দেয়ালের গায়ে পোড়ামাটি দিয়ে নানারকম ফুল-ফল, পাখি, পুতুল, মূর্তি ইত্যাদি বানানো আছে। মূর্তিগুলোর উপরের দিকে টেরাকোটা চিত্রিত ছিল। চিত্রগুলোতে লোকশিল্পের ছাপ স্পষ্ট। ভিতরে বিশাল উঠোনের মাঝখানে বড় সুন্দর এক মন্দির। ধাপে ধাপে উঁচু করে বড় মন্দিরটা বসানো হয়েছে। পোড়ামাটির দুই হাজার ফলকের চিত্র দিয়ে মন্দিরের ভিতরে বাইরে সাজানো। প্রাচীনকালে উচ্চ শিক্ষার এই প্রাণকেন্দ্রে ভিক্ষুদের সঙ্গে শিষ্যরা থাকতেন।

৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

(i) অনুচ্ছেদটি মূলত যে বিষয় নিয়ে লেখা তা হলো—

ⓚ প্রাকৃতিক সৌন্দর্য ⓧ প্রাচীন শিলালিপি

ⓖ প্রত্নতাত্ত্বিক নিদর্শন ⓘ সংস্কৃতি

(ii) অনুচ্ছেদে যে নিদর্শন নিয়ে আলোচনা করা হয়েছে তার নাম—

ⓚ মহাস্থানগড় ⓧ পাহাড়পুর

ⓖ উয়ারী-বটেশ্বর ⓘ হিমছড়ি

(iii) পাহাড়পুর বিহার কত বছর আগে তৈরি হয়?

ⓚ ১১০০ ⓧ ১২০০ ⓖ ১৩০০ ⓘ ১৪০০

(iv) আলেকজান্ডার শব্দে 'ন্ড' যুক্ত বর্ণটিতে নিচের কোন বর্ণগুলো রয়েছে?

ⓚ ন্ + ড ⓧ ণ্ + ড

ⓖ ন + ত ⓘ ণ + ত

(v) পাহাড়পুর কোন জেলায় অবস্থিত?

ⓚ রংপুর ⓧ নওগাঁ

ⓖ নারায়ণগঞ্জ ⓘ রাজশাহী

http://teachingbd.com

৬। নিচে কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি বসিয়ে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর : ১ × ৫ = ৫

| শব্দ | শব্দার্থ | শব্দ | শব্দার্থ |
|---|---|---|---|
| পর্বত | গিরি | নিদর্শন | প্রমাণ |
| শিল্প | কারুকাজ | নির্মিত | প্রতিষ্ঠিত |
| প্রাচীন | বহুকাল আগের | আবিষ্কার | উদ্ভাবন |

(ক) ——— নিদর্শনগুলোর মধ্যে শিল্পকলার ছাপ আছে।

(খ) রফিক হিমালয় ——— দেখেছে।

(গ) সোমপুর বিহার ধর্মীয় সংস্কৃতির এক অপূর্ব ———।

(ঘ) রাজা ধর্মপালের আমলে ——— হয় সোমপুর বিহার।

(ঙ) আলেকজান্ডার কানিংহাম সোমপুর বিহার ——— করেন।

৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৩ = ১৫

(ক) পাহাড়পুর বিহারের অপর নাম কী? পাহাড়পুর কী জন্য বিখ্যাত? চারটি বাক্যে লেখ।

(খ) পাহাড়পুরের ঐতিহাসিক গুরুত্ব পাঁচটি বাক্যে লেখ।

(গ) সোমপুর বিহার ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ হওয়ার পাঁচটি কারণ লেখ।

৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও এবং বাক্যে প্রয়োগ কর : ২×৫=১০

(ক) চ্ছ; (খ) ট্ট; (গ) ন্তু; (ঘ) ত্র; (ঙ) ল্ল।

৯। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ : ৫

একদিন বন্ধুবান্ধবদের সঙ্গে গল্পের মজলিসে কথা উঠল নায়াগ্রা দেখতে গেলে কেমন হয় সবাই মিলে তখনি সকলে রাজি কোনদিন যাওয়া হবে তাও ঠিক হলো

১০। এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫

(ক) নীতির রাজা

(খ) উপদেশ দান করেন যিনি

(গ) নিদ্রিত অবস্থায় মনের অনুভূত বিষয়

(ঘ) বিদ্যা ধারণ করে যা

(ঙ) যা আলো দেয়

*অথবা,* নিচের বাক্যগুলোর ক্রিয়াপদের চলিত রূপ লেখ :

(ক) সে হাতির কাছে আসিতে ভয় পায়।

(খ) সন্ধ্যাবেলায় দেখিবে তারে পটি বাঁধি পায়ে হাতে।

(গ) ফুটবল-টিমে বল লয়ে তারে দেখিতে পাব না তায়।

teachingbd.com

(ঘ) প্রভাত বেলায় খবর নিতে ছুটিয়া যাই তার ঘরে।

(ঙ) নিশিরাতে চেঁচামেচি করো না, সবাই ঘুমাইতেছে।

১১। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ : ১ × ৫ = ৫

(ক) গরম; (খ) নিচ; (গ) খুশি; (ঘ) যাওয়া; (ঙ) খোলা।

*অথবা,* প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ লেখ :

(ক) নতুন; (খ) কাল; (গ) রৌদ্র; (ঘ) ময়দান; (ঙ) বুক।

১২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) কবিতার লাইনগুলো পর পর সাজিয়ে লেখ : ৬

নৌকা সারে সারে,<br>
একলা বসে আপন মনে<br>
এই যে নদী<br>
এই ছবিটি চেনা।<br>
বসে নদীর ধারে—<br>
নদীর জোয়ার

(খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কী? ১

(ঘ) কোন ছবিটি আমাদের চেনা? কেন? ২

১৩। মনে কর, তুমি তাহসিন-উল-হক নাহিন। তুমি ক্ষুদে গানরাজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে আগ্রহী। এখন প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর : ৫

Teachingbd.com

**ক্ষুদে গানরাজ প্রতিযোগিতা- ২০১৬**

চ্যানেল আই, তেজগাঁও, ঢাকা।

ছবি

১. নাম :

২. পিতার নাম :

৩. মাতার নাম :

৪. বিদ্যালয়ের নাম :

৫. শ্রেণি : শাখা :

৬. জন্ম তারিখ :

৭. ঠিকানা :

৮. ফোন নম্বর : ..................................

..................................

স্বাক্ষর

১৪। মনে কর, তুমি ফরহাদ। বাংলাবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়। এখন অসহ্য গরমের কারণে সকালে ক্লাস বসানোর আবেদন জানিয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা দরখাস্ত লেখ। ৫

*অথবা,* মনে কর, তোমার নাম জয়া। মল্লিকা তোমার বন্ধু। সে ফিলিপিনের অধিবাসী। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের বর্ণনা দিয়ে তাকে একটি পত্র লেখ।

১৫। নিচের যেকোনো **একটি** বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০

(ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান : ভূমিকা – জন্ম – শিক্ষা – নেতৃত্ব – বাংলার মানুষের পরম বন্ধু – স্বাধীনতার মহানায়ক – মৃত্যু – উপসংহার।

(খ) স্বাধীনতা যুদ্ধ : ভূমিকা – পাকিস্তানি শাসকগোষ্ঠীর শোষণ-বৈষম্য – সশস্ত্র মুক্তিযুদ্ধের পূর্ববর্তী আন্দোলন – মুক্তিযুদ্ধের মুখে বাঙালি জাতি – মুক্তিযুদ্ধ ও বিজয় – উপসংহার।

(গ) মানুষের বন্ধু গাছপালা : সূচনা – সবুজের উৎস – বৃক্ষের অর্থনৈতিক গুরুত্ব – গাছপালা পরিবেশের বন্ধু – আমাদের বনভূমি – বনায়নে সামাজিক সচেতনতা সৃষ্টি – সরকারের ভূমিকা – উপসংহার।

(ঘ) কম্পিউটার : ভূমিকা – কম্পিউটার আবিষ্কার – সুবিধা – অসুবিধা – উপসংহার।

## মডেল টেস্ট - ১৭ এর উত্তরমালা

১। (i) ⓖ মুক্তির সংগ্রাম; (ii) ⓚ মুক্তিযুদ্ধ; (iii) ⓘ পাকিস্তানিরা ;(iv) ⓖ দেশের জন্য যুদ্ধ করে; (v) ⓐ হানা দিয়ে ধনসম্পদ লুট করত।

২। (ক) পাকিস্তানি সেনাবাহিনীকে বলা হয় হানাদার বাহিনী।

(খ) মারাঠা দস্যুরা হলো বর্গি।
বর্গিরা এদেশের মানুষ মারত, মানুষের ধনসম্পদ লুটে নিত, অত্যাচার করত।

(গ) মুক্তিসেনারা দেশকে হানাদারমুক্ত করার জন্য যুদ্ধ করেছেন।
মুক্তিসেনাদের মহান আত্মত্যাগের জন্যই আজ আমরা স্বাধীন দেশের নাগরিক। তাই আমরা তাঁদেরকে কোনোদিন ভুলব না।

৩। (ক) মারাঠা দস্যু; (খ) আক্রমণকারী; (গ) কর; (ঘ) দেশকে হানাদার মুক্ত করার জন্য যিনি যুদ্ধে রত হন; (ঙ) কবুতর।

৪। কবিতাংশটিতে বাঙালির স্বাধীনতা সংগ্রামের বিষয়টি ফুটে উঠেছে। মারাঠা বর্গিরা এক সময় এদেশে হানা দিয়ে ধনসম্পদ লুট করে নিয়ে যেত। তারা আমাদের ওপর সীমাহীন অত্যাচার চালাত। তারপর এল পাকিস্তানি হানাদাররা। তারা আমাদের ওপর অত্যাচার করল, কিন্তু মুক্তিসেনারা তাদের রুখে দিলেন। তাঁরা দেশকে স্বাধীন করলেন। এই মুক্তিসেনাদের আমরা কোনোদিনও ভুলব না।

৫। (i) ⓖ প্রত্নতাত্ত্বিক নিদর্শন; (ii) ⓚ পাহাড়পুর; (iii) ⓘ ১৪০০; (iv) ⓐ ন্ + ড; (v) ⓚ নওগাঁ।

http://teachingbd.com

৬। (ক) প্রাচীন; (খ) পর্বত; (গ) নিদর্শন; (ঘ) নির্মিত; (ঙ) আবিষ্কার।

৭। (ক) পাহাড়পুর বিহারের অপর নাম সোমপুর বিহার বা সোমপুর মহাবিহার। পাহাড়পুর একটি প্রাচীন প্রত্নতাত্ত্বিক স্থান। যেখানে রয়েছে একটি প্রাচীন বৌদ্ধ মন্দির। এখানে পাওয়া গেছে অসংখ্য পোড়ামাটির কারুকাজ, বৌদ্ধমূর্তি ও শিলালিপি। এসব কারণেই পাহাড়পুর বিখ্যাত।

(খ) প্রাচীন হিন্দু ও বৌদ্ধ সংস্কৃতির ঐতিহাসিক নিদর্শন হলো পাহাড়পুর বৌদ্ধ বিহার। আজ থেকে প্রায় ১৪০০ বছর পূর্বে এটি তৈরি করা হয়। ১৮৭৯ সালে আলেকজান্ডার কানিংহাম এই বিশাল কীর্তি আবিষ্কার করেন। পাহাড়পুর বৌদ্ধ বিহারের নিদর্শনগুলো মহাকালের এক সুবর্ণ সাক্ষী। এ নিদর্শনগুলো থেকে প্রাচীন বাংলার ইতিহাস ও সংস্কৃতি সম্পর্কে অনেক কিছু জানা যায়।

(গ) সোমপুর বিহার ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ হওয়ার পাঁচটি কারণ হলো–

১. ভারতীয় উপমহাদেশের সবচেয়ে বিশালায়তনের প্রত্নতাত্ত্বিক নিদর্শন হলো সোমপুর বা পাহাড়পুর বিহার।
২. রাজশাহী বিভাগের নওগাঁ জেলায় অবস্থিত এই বিহার।
৩. বাংলাদেশের বৌদ্ধ ও হিন্দু সংস্কৃতির প্রাচীন নিদর্শন।
৪. প্রাচীনকালে এটি ছিল উচ্চশিক্ষার প্রাণকেন্দ্র।
৫. প্রায় ১৪০০ বছর আগে এটি নির্মাণ করা হয়।

৮।

| **প্রদত্ত যুক্তবর্ণ** | **বিভাজন** | **বাক্য** |
|---|---|---|
| (ক) চ্ছ | চ্ + ছ | মাটির তৈরি শিল্পগুলোতে প্রচ্ছন্ন হয়ে আছে এদেশের ঐতিহ্য। |
| (খ) ট্ট | ট্ + ট | ছোট্ট গ্রামটি দেখতে খুব সুন্দর। |
| (গ) ন্তু | ন্ + ত + ু (উ-কার) | অন্তু খুব ভালো ছেলে। |
| (ঘ) ত্র | ত্ + ্র (র-ফলা) | মাটির পাটায় নকশা করা চিত্রটি দেখতে সুন্দর। |
| (ঙ) ল্ল | ল্ + ল | স্রোতের কল্লোল ধ্বনিতে মন ভরে যায়। |

৯। সাজেশনস ও উত্তরমালার বিরামচিহ্ন অংশের ১৭ নং উত্তর দ্রষ্টব্য।

১০। (ক) রাজনীতি; (খ) উপদেষ্টা; (গ) স্বপ্ন; (ঘ) বই; (ঙ) প্রদীপ।

*অথবা,* (ক) সে হাতির কাছে আসতে ভয় পায়।
(খ) সন্ধ্যাবেলায় দেখবে তারে পটি বাঁধি পায়ে হাতে।
(গ) ফুটবল-টিমে বল লয়ে তারে দেখতে পাব না তায়।
(ঘ) প্রভাত বেলায় খবর নিতে ছুটে যাই তার ঘরে।
(ঙ) নিশিরাতে চেঁচামেচি করো না, সবাই ঘুমুচ্ছে।

১১। (ক) ঠান্ডা; (খ) উপর; (গ) অখুশি; (ঘ) আসা; (ঙ) বন্ধ।

*অথবা,* (ক) নব; (খ) গতকাল; (গ) সূর্যকিরণ; (ঘ) মাঠ; (ঙ) বক্ষ।

Teachingbd.com